গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রৌমারী, কুড়িগ্রাম
www.rowmari.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯৭৯.০০০.০৪.০১৪.২৩-৯৯৬

তারিখ : ১০ কার্তিক, ১৪৩০ / ২৬ অক্টোবর, ২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা-২০২১ অনুযায়ী কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম | পদের সংখ্যা | বয়স | মাসিক সম্মানী (সর্বসাকুল্যে) | যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | পেশ ইমাম | ০১(এক) জন | অনুর্ধ্ব ৪৫ বছর | ১৫,০০০/- | ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রি/দাওরায়ে হাদিস পাশ। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবেন।<br>গ) আরবিতে কথা বলা ও আরবিতে উপস্থিত খুত্বা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |
| ২ | মুয়াজ্জিন | ০১(এক) জন | অনুর্ধ্ব ৩০ বছর | ১০,০০০/- | ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে/মুয়াজ্জিন হিসেবে ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার দেয়া হবে। |
| ৩ | খাদিম | ০২(দুই) জন | অনুর্ধ্ব ৩০ বছর | ৭,৫০০/- | ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী।<br>খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে।<br>গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে/খাদিম হিসেবে ০১(এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

শর্তাবলী :

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিক হতে হবে।

২। আবেদনপত্রে প্রার্থীকে (ক) নাম (খ) পিতার নাম (গ) স্থায়ী ঠিকানা (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয়তা (ছ) শিক্ষাগত যোগ্যতা (জ) মোবাইল নম্বর এবং (ঝ) অভিজ্ঞতা উল্লেখপূর্বক আবেদন করতে হবে।

৩। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :
(ক) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
(খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রঙ্গিন ছবি।
(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি।
(ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।

৪। আবেদনকারীর বয়স ০৮/১১/২০২৩খ্রি. তারিখে ১নং পদের জন্য অনূর্ধ্ব ৪৫ বছর এবং অন্যান্য পদের জন্য ১৮ হতে ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বৎসর/সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণ যোগ্য হবে না।

৫। আবেদনকারী প্রার্থীকে উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম বরাবর পেশ ইমাম ও মুয়াজ্জিন পদের জন্য ১,০০০/- (এক হাজার) এবং খাদিম পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরত যোগ্য) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

চলমান পাতা

৬। আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম বরাবর আগামী ০৮/১১/২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালিন সময় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি/ডাকযোগে পৌঁছাতে হবে। কোন অসম্পূর্ণ, ত্রূটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। খামের উপরে পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।

৭। কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। যদি কোন প্রার্থী একাধিক পদে আবেদন করেন তাহলে তার সকল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৮। প্রার্থীকে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯। কোন তথ্য গোপন করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং ভবিষ্যতে তথ্য গোপনের বিষয়টি প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। যে কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১১। আবেদনপত্র গ্রহণ/বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তি যে কোন অংশ পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না।

১২। আবেদন ফরমটি www.rowmari.kurigram.gov.bd হতে পাওয়া যাবে।

২৫-১০-২৩

**(নাহিদ হাসান খান)**
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক
সাংস্কৃতিক কেন্দ্র জনবল নিয়োগ কমিটি
রৌমারী, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯৭৯.০০০.০৪.০১৪.২৩-৯৯৬

তারিখ : ১০ কার্তিক, ১৪৩০
২৬ অক্টোবর, ২০২৩

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৮ কুড়িগ্রাম-৪।
২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
১। উপজেলা নির্বাহী অফিসার,................................. (সকল), কুড়িগ্রাম।
২। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, জেলা কার্যালয়, কুড়িগ্রাম।
৩। উপজেলা...................................... কর্মকর্তা, রৌমারী, কুড়িগ্রাম।
৪। অফিসার ইনচার্জ, রৌমারী থানা, কুড়িগ্রাম।
৫। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রৌমারী, কুড়িগ্রাম। (নিয়োগ বিজ্ঞপ্তিটি উপজেলা ও ইউনিয়ন তথ্য বাতায়নে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৬। চেয়ারম্যান, ........................(সকল) ইউনিয়ন পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম। নিয়োগ বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট ইউনিয়নের গুরুত্বপূর্ণ স্থানে এবং হাট-বাজারে বহুল প্রচার করত: নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
৭। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, রৌমারী, কুড়িগ্রাম। তাকে নিয়োগ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৮। নোটিশ বোর্ড; উপজেলা ভূমি অফিস/এলজিইডি/সাব-রেজিস্টার অফিস/রৌমারী থানা/তথ্য আপা/এ কার্যালয়, রৌমারী, কুড়িগ্রাম।
৯। অফিস নথি।

২৫-১০-২৩

উপজেলা নির্বাহী অফিসার
রৌমারী, কুড়িগ্রাম।

| |
|---|
| ৫ x ৫ সে.মি ছবি (সম্প্রতি তোলা তিন কপি) |

বরাবর,
উপজেলা নির্বাহী অফিসার
রৌমারী, কুড়িগ্রাম।

**চাকরির আবেদন ফরম**

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম ঃ | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর ঃ | | তারিখ ঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | | | | | | | | | | | |

| | | |
|---|---|---|
| ৩. | প্রার্থীর নাম | বাংলা ঃ |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) ঃ |

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৪. | জাতীয় পরিচয় পত্র নম্বর ঃ | | | | | | | | | | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর ঃ | | | | | | | | | | | | | | | | | | |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৫. | জন্ম তারিখ ঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্ম স্থান (জেলা) ঃ |
| | | | | | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স ঃ | বছর | মাস | দিন |
| ৮. | মাতার নাম ঃ | | | |
| ৯. | পিতার নাম ঃ | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা ঃ | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) ঃ | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা ঃ | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড ঃ | | |
| | ডাকঘর ঃ | | |
| | পোস্টকোড নম্বর ঃ | | |
| | উপজেলা ঃ | | |
| | জেলা ঃ | | |

| | | | |
|---|---|---|---|
| ১১. | যোগাযোগ ঃ | মোবাইল/টেলিফোন নম্বর ঃ | ই-মেইল (যদি থাকে) ঃ |

| | | | |
|---|---|---|---|
| ১২. | জাতীয়তা ঃ | ১৩. | জেন্ডার ঃ |
| ১৪. | ধর্ম ঃ | ১৫. | পেশা ঃ |

১৬. শিক্ষাগত যোগ্যতা ঃ

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | বিভাগ/শ্রেণী/জিপিএ/সিজিপিএ/ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | |
|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) ঃ |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯. | কোটা (টিক দিন) ঃ | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) ঃ |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর ঃ | তারিখ ঃ | | | | | | | | |
| | ব্যাংক ও শাখার নাম ঃ | | | | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) ঃ | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

প্রার্থীর স্বাক্ষর

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখ ঃ | | | | | | | | |